আজকের পত্রিকা

আর্কাইভ | অনুসন্ধান করুন


খবর

রাজশাহী পলিটেকনিক

# অধ্যক্ষের প্রাণহানির আশঙ্কা ছিল, বলছে তদন্ত কমিটি

**প্রকাশ:** ১৩ ঘণ্টা আগে | Like 0 Share 0

**রাজশাহী ব্যুরো**



(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=04a52c26f5__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2psH0B1)

রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী ফরিদ উদ্দীন আহম্মেদকে পুকুরে ফেলার ঘটনায় আরও চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার রাতে মহানগরীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। তারা হলেন মেহেদী হাসান আশিক, মেহেদী হাসান হীরা, নবীউল উৎস ও নজরুল ইসলাম। এ নিয়ে এ ঘটনায় নয়জনকে গ্রেপ্তার করল পুলিশ। তবে মামলার এজাহারভুক্ত আসামিদের এখনও গ্রেপ্তার করা যায়নি। ওই ঘটনায় গঠিত তদন্ত কমিটি বলেছে, পুকুরে ফেলে দেওয়ায় অধ্যক্ষের প্রাণহানির আশঙ্কা ছিল। সাঁতার জানায় তিনি বেঁচে গেছেন।

মহানগরীর চন্দ্রিমা থানার ওসি গোলাম মোস্তফা জানান, আটক সবাই ছাত্রলীগের নেতাকর্মী। সিসিটিভির ফুটেজ ও প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলে তাদের  চিহ্নিত করা হয়েছে। মামলার এজাহারভুক্ত আসামিদের ধরতেও পুলিশ তৎপর রয়েছে।

এদিকে দ্বিতীয় দিনের মতো ছয় দফা দাবিতে অবস্থান কর্মসূচি পালন  করেছে পলিটেকনিক ইনস্টিউটের শিক্ষার্থীরা। তবে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল খুবই কম। সকাল ১১টায় ১০ থেকে ১৫ শিক্ষার্থী প্রশাসন ভবনের নিচে অবস্থান নেন। এ সময় তারা শিক্ষার্থীদের নিরাপত্তা, বহিরাগতদের প্রবেশ নিষেধ, ছাত্ররাজনীতি নিষিদ্ধকরণ, অভিযুক্তদের ছাত্রত্ব বাতিলসহ ৬ দফা দাবি বাস্তবায়ন চান।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, ছাত্রলীগের নেতারা আন্দোলনকারীদের ফোনে ও ফেসবুকের মাধ্যমে হুমকি, ভয়ভীতি দেখাচ্ছে। এ কারণে দ্বিতীয় দিনের আন্দোলনে শিক্ষার্থীদের উপস্থিতি কম।

এদিকে বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর থেকে গঠিত তিন সদস্যের তদন্ত কমিটি ঢাকা থেকে রোববার সন্ধ্যায় পলিটেকনিক ইনস্টিটিউটে পৌঁছায়। সোমবার সকাল থেকেই তারা পলিটেকনিকের শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেছেন। ঘটনাস্থল পরিদর্শন ও পুকুরের পানির গভীরতাও পরিমাপ করেছেন। এছাড়া ইনস্টিটিউটের ১১১৯ নম্বর কক্ষে অবস্থিত ছাত্রলীগের টর্চার সেলও পরিদর্শন করেছেন।

তদন্ত কমিটির প্রধান বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরের যুগ্ম সচিব এসএ ফেরদৌস আলম বলেন, পুকুরের গভীরতা ছিল অন্তত ১৫ ফুট। অধ্যক্ষ সাঁতার না জানলে প্রাণনাশের আশঙ্কা ছিল। তিনি বলেন, তদন্ত কমিটি ঘটনার সত্যতা নিরুপণ করার চেষ্টা করেছে। এখন তা প্রতিবেদন আকারে দাখিল করা হবে।

এদিকে ছাত্রলীগ পলিটেনিক শাখার যুগ্ম সাধারণ সম্পাদক কামাল হোসেন সৌরভকে স্থায়ী বহিস্কার করেছে কেন্দ্রীয় কমিটি। এর আগে তাকে স্থায়ী বহিস্কারের জন্য নগর ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির কাছে সুপারিশ করেছিল। মহানগর ছাত্রলীগ গঠিত ছয় সদস্যের তদন্ত কমিটিও গতকাল ইনস্টিটিউটে এসে শিক্ষকদের সঙ্গে কথা বলেছে।

পরে তারা সাংবাদিকদের কাছে দাবি করেছেন, একমাত্র কামাল হোসেন সৌরভ ছাড়া ছাত্রলীগের আর কোনো নেতাকর্মী হামলার সময় ছিলেন না।

ক্লাসে অনুপস্থিতির কারণে দুই ছাত্রের পরীক্ষার ফরম পূরণ করতে না দেওয়ায় শনিবার দুপুরে নিজ কার্যালয়ের সামনে থেকে টেনেহিঁচড়ে তুলে নিয়ে অধ্যক্ষকে ক্যাম্পাসের ভেতরে পুকুরে নিক্ষেপ করে ছাত্রলীগের নেতাকর্মীরা। তবে সাঁতার জানার কারণে তিনি বেঁচে যান।

(https://samakal.com/print/19116794/print) মন্তব্য করুন

(https://samakal.com/whole-country/article/1908844)

**'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'**

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

**আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী**

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

## ডায়াবেটিস বাড়ে যেসব খাবার খেলে

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

## 'এক রাত কম্প্রোমাইজ করতে বলেছিলেন প্রযোজক'

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

## ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

## মৌসুমীকে আর্থিক সহায়তা দিল চলচ্চিত্র শিল্পী সমিতি

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

## মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://www.samakal.com/international/article/1903951/দুরাবস্থা-দেখে-মালিককে-টাকা-ফেরত-দিল-ডাকাত)

## অ্যাকাউন্টের দুরাবস্থা দেখে মালিককে টাকা ফেরত দিল ডাকাত!

(https://www.samakal.com/international/article/1903951/দুরাবস্থা-দেখে-মালিককে-টাকা-ফেরত-দিল-ডাকাত)

(https://www.samakal.com/international/article/19041049/তরুণীকে-অমানবিক-শাস্তি)

## প্রকাশ্যে তরুণীকে অমানবিক শাস্তি

**Samakal**

(https://www.samakal.com/international/article/19041049/তরুণীকে-অমানবিক-শাস্তি)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

**Samakal**

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)

(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)

(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED